



## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

“বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্-এর আধুনিকায়ন ও সম্প্রসারণ” শীর্ষক প্রকল্প  
প্রকল্প পরিচালকের কার্যালয়

৬৭, শহীদ তাজউদ্দিন আহমেদ সরণী, মহাখালী, ঢাকা-১২১২।



মুজিব  
গতক

স্মারক নং- ৪৫.০০.০০০০.০০.০৬.০৯.২০২১-২০৭

তারিখঃ ০৮-০৬-২০২৩ খ্রিঃ

### সভার নোটিশ

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতায় বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্ কর্তৃক বাস্তবায়নাধীন  
“বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্-এর আধুনিকায়ন এবং সম্প্রসারণ” শীর্ষক প্রকল্পটির প্রকল্প বাস্তবায়ন কমিটি  
(পিআইসি)-এর এক সভা আগামী ১৪ জুন ২০২৩ তারিখ, রোজ বুধবার সকাল ৯.০০ টায় (ব্লক-সি, লেভেল-০৮, ইসি’র সভা কক্ষ) ও  
ভার্চুয়াল পদ্ধতিতে (Zoom Platform)-এ অনুষ্ঠিত হবে। উক্ত পিআইসি সভায় বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্  
(বিসিপিএস)-এর মাননীয় প্রেসিডেন্ট অধ্যাপক মোহাম্মদ সহিদুল্লা সভাপতিত্ব করবেন।

Join Zoom Meeting: <https://zoom.us/j/96994137890?pwd=MDRqZlIU1bjM2Zk9uYlNvay9uWk1Bdz09>

Meeting ID: 969 9413 7890

Passcode: 290773

২। সভার আলোচ্য সূচি:

- ক) প্রকল্পের কার্যক্রম সম্পর্কে অবহিতকরণ;
- খ) প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;
- গ) বিবিধ।

৩। প্রকল্পের বাস্তবায়ন কমিটির সম্মানিত সকল সদস্য ও সংশ্লিষ্টদেরকে সভায় উপস্থিত অথবা Zoom App-এর মাধ্যমে সংযুক্ত থাকার  
জন্য অনুরোধ করা হলো।

*(Signature)*

(অধ্যাপক ডাঃ মোল্লা মোঃ আবু সাঈদ)

প্রকল্প পরিচালক

মোবাইল নং: ০১৭১৩-০১০১৮৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (কমিটিতে সংশ্লিষ্ট একজন কর্মকর্তা মনোনয়ন প্রদান ও মনোনীত সদস্যকে সভায় যোগদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
২. সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলানগর, ঢাকা (দুঃ আঃ-মহাপরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৫) (কমিটিতে সংশ্লিষ্ট একজন কর্মকর্তা মনোনয়ন প্রদান ও মনোনীত সদস্যকে সভায় যোগদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৩. সচিব, পরিকল্পনা বিভাগ, শের-ই-বাংলানগর, ঢাকা (দুঃ আঃ উপ-প্রধান, NEC-ECNEC উইং) (কমিটিতে সংশ্লিষ্ট একজন কর্মকর্তা মনোনয়ন প্রদান ও মনোনীত সদস্যকে সভায় যোগদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৪. প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা (কমিটিতে সংশ্লিষ্ট একজন কর্মকর্তা মনোনয়নের অনুরোধসহ)।
৫. অতিরিক্ত সচিব (উন্নয়ন অধিশাখা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাপকম, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. বিভাগ প্রধান, অর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলানগর, ঢাকা (দুঃ আঃ যুগ্ম-প্রধান, স্বাস্থ্য উইং) (কমিটিতে সংশ্লিষ্ট একজন কর্মকর্তা মনোনয়ন প্রদান ও মনোনীত সদস্যকে সভায় যোগদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৭. বিভাগ প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলানগর, ঢাকা (কমিটিতে সংশ্লিষ্ট একজন কর্মকর্তা মনোনয়ন প্রদান ও মনোনীত সদস্যকে সভায় যোগদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৮. বিভাগ প্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলানগর, ঢাকা (কমিটিতে সংশ্লিষ্ট একজন কর্মকর্তা মনোনয়ন প্রদান ও মনোনীত সদস্যকে সভায় যোগদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৯. যুগ্মসচিব (পরিকল্পনা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা;
১০. উপসচিব (পরিকল্পনা-১), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা;
১১. উপ-প্রকল্প পরিচালক, বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্-এর আধুনিকায়ন এবং সম্প্রসারণ” শীর্ষক প্রকল্প।

অনুলিপিঃ

১. পিএস-টু-প্রেসিডেন্ট, বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্, মহাখালী, ঢাকা। (প্রেসিডেন্ট মহোদয়কে সভার তারিখ ও সময় অবহিত করার অনুরোধসহ);
২. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্, মহাখালী, ঢাকা (অনলাইনের কার্যক্রম পরিচালনার অনুরোধসহ);
৩. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

“বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্-এর আধুনিকায়ন ও সম্প্রসারণ” শীর্ষক প্রকল্প  
প্রকল্প পরিচালকের কার্যালয়

৬৭, শহীদ তাজউদ্দিন আহমেদ সরণী, মহাখালী, ঢাকা-১২১২।



তারিখঃ ১৫-০৬-২০২৩ খ্রিঃ

স্মারক নং- ৪৫.০০.০০০০.০০.০৬.০৯.২০২১-২০৯

বিষয়ঃ “বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্-এর আধুনিকায়ন এবং সম্প্রসারণ” শীর্ষক প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি)-এর ৩য় সভার কার্যবিবরণী প্রেরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতায় বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্ কর্তৃক বাস্তবায়নাধীন “বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্-এর আধুনিকায়ন এবং সম্প্রসারণ” শীর্ষক প্রকল্পটির প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি)-এর ৩য় সভা গত ১৪-০৬-২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি)-এর ৩য় সভার অনুমোদিত কার্যবিবরণী এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

১৫/৬/২০২৩  
(অধ্যাপক ডাঃ মোল্লা মোঃ আবু সাঈদ)

প্রকল্প পরিচালক

মোবাইল নং: ০১৭১৩-০১০১৮৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রেসিডেন্ট, বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্ (বিসিপিএস), মহাখালী, ঢাকা;
২. প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি), মতিঝিল, ঢাকা;
৩. যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা;
৪. জনাব মোঃ আল মামুন মিঞা, উপসচিব, আইএমইডি, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা;
৫. উপসচিব (পরিকল্পনা-১), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা;
৬. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা;
৭. গবেষণা কর্মকর্তা, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা;
৮. অফিস কপি।

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ	
যুগ্মসচিব (পরিকল্পনা) এর দপ্তর	
ডায়েরী নং	৬৬৯ ২০২৩/২০২৩
তারিখ	
<input type="checkbox"/> উপসচিব (পরিকল্পনা)	
<input type="checkbox"/> পিঃ মহাকারী সচিব (পরিকল্পনা-১/২/৩/৪)	
<input type="checkbox"/> মহাকারী সচিব (পরিকল্পনা-১/২/৩/৪)	
<input type="checkbox"/> ব্যক্তিগত কর্মকর্তা	
যুগ্মসচিব (পরিকল্পনা)	



# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

“বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্- এর আধুনিকায়ন ও সম্প্রসারণ” শীর্ষক প্রকল্প  
প্রকল্প পরিচালকের কার্যালয়  
৬৭, শহীদ তাজউদ্দিন আহমেদ সরণী, মহাখালী, ঢাকা-১২১২।



৮৭

তারিখঃ ১৫-০৬-২০২৩ খ্রিঃ

## “বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্ এর আধুনিকায়ন ও সম্প্রসারণ” শীর্ষক প্রকল্পের “প্রকল্প বাস্তবায়ন কমিটি” (PIC) এর ৩য় সভার কার্যবিবরণী

“বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্ এর আধুনিকায়ন ও সম্প্রসারণ” শীর্ষক প্রকল্পের “প্রকল্প বাস্তবায়ন কমিটি” (PIC) এর ৩য় সভা ১৪-০৬-২০২৩ খ্রিঃ তারিখ রোজ বুধবার সকাল ০৯:০০ ঘটিকায় কলেজের রুম ‘সি’, লেভেল-০৮, সভা কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন অধ্যাপক মোহাম্মদ সাহিদুল্লাহ, সভাপতি, প্রকল্প বাস্তবায়ন কমিটি ও প্রেসিডেন্ট, বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্ (বিসিপিএস)।

নিম্নলিখিত সদস্যগণ সভায় উপস্থিত ছিলেন (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):-

ক্র.নং	নাম ও ঠিকানা	পদবী
১.	অধ্যাপক মোহাম্মদ সাহিদুল্লাহ প্রেসিডেন্ট বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্ (বিসিপিএস)।	সভাপতি
২.	জনাব ব্রি: জেনারেল বশির আহমেদ প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি)	সদস্য
৩.	জনাব মোঃ আব্দুস সালাম খান যুগ্মসচিব (পরিকল্পনা অধিশাখা) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।	সদস্য
৪.	জনাব মোঃ আল মামুন মিক্রা উপসচিব আইএমইডি, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।	সদস্য
৫.	জনাবা নাদিরা হায়দার উপসচিব (পরিকল্পনা-১ শাখা) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।	সদস্য
৬.	জনাব মোঃ রফিকুল ইসলাম তত্ত্বাবধায়ক প্রকৌশলী স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর।	সদস্য
৭.	জনাব মোঃ আবুল কালাম গবেষণা কর্মকর্তা (স্বাস্থ্য উইং) আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।	সদস্য
৮.	অধ্যাপক ডা. মোল্লা মোঃ আবু সাঈদ প্রকল্প পরিচালক বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্ এর আধুনিকায়ন ও সম্প্রসারণ শীর্ষক প্রকল্প।	সদস্য সচিব

*(Signature)*



## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

“বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্- এর আধুনিকায়ন ও সম্প্রসারণ” শীর্ষক প্রকল্প  
প্রকল্প পরিচালকের কার্যালয়

৬৭, শহীদ তাজউদ্দিন আহমেদ সরণী, মহাখালী, ঢাকা-১২১২।



### সভার কার্যক্রম

প্রকল্প বাস্তবায়ন সভার সভাপতি মহোদয় সভার শুরুতে উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে “বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্ এর আধুনিকায়ন ও সম্প্রসারণ” শীর্ষক প্রকল্পের ৩য় প্রকল্প বাস্তবায়ন কমিটি (PIC) সভার কার্যক্রম শুরু করেন। এ সভার কার্যক্রম পরিচালনার জন্য প্রকল্প পরিচালককে অনুরোধ করেন।

১ নং আলোচ্য বিষয়ঃ গত ২৬/০৯/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ২য় পিআইসি সভার কার্যবিবরণী অনুমোদন।

#### আলোচনাঃ

প্রকল্প পরিচালক জনাব মোল্লা মোঃ আবু সাঈদ গত ২৬/০৯/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত “বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্ এর আধুনিকায়ন ও সম্প্রসারণ” শীর্ষক প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটির ২য় পিআইসি সভার সিদ্ধান্তগুলো সভায় পাঠ করেন এবং উপস্থিত সদস্যগণকে এ নিয়ে আলোচনা করার জন্য অনুরোধ জ্ঞাপন করেন।

সভাপতি মহোদয় বলেন, কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী অনুমোদন করা যেতে পারে।

সিদ্ধান্ত ১.১: গত ২৬/০৯/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ২য় পিআইসি সভার কার্যবিবরণী সভায় অনুমোদিত হয়।

২ নং আলোচ্য বিষয়ঃ প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি অবহিষ্টকরণ ও পর্যালোচনা।

#### আলোচনাঃ

প্রকল্প পরিচালক জনাব অধ্যাপক ডাঃ মোল্লা মোঃ আবু সাঈদ সভায় অবগত করান যে, “বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্ এর আধুনিকায়ন ও সম্প্রসারণ” শীর্ষক প্রকল্পটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এর আওতাধীন “বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্” কর্তৃক বাস্তবায়নমাধীন একটি প্রকল্প। প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ২১৫৪৩.২৩ লক্ষ টাকা এবং বাস্তবায়নকাল জুলাই ২০২১ হতে ডিসেম্বর ২০২৪ সাল পর্যন্ত। তিনি উল্লেখ করেন, প্রকল্প বাস্তবায়ন কমিটির ২য় সভায় প্রকল্পের পূর্ত কাজের দরপত্র আহবান করার জন্য লক্ষ্য নির্ধারণ করা হয়েছিল এবং এই মর্মে সিদ্ধান্ত ছিল যে, যদি গণপূর্তের নতুন সিডিউল দর প্রকাশিত হয়, তবে নতুন দর অনুযায়ী পূর্ত কাজ এবং অন্যান্য অজ্ঞাতনামা কাজের প্রাক্কলিত ব্যয় প্রস্তুত করা ও ডিপিসি সংশোধন করার ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সভাপতি জনাব অধ্যাপক মোহাম্মদ সহিদুল্লা বলেন, “বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্” একটি সনামধন্য প্রতিষ্ঠান। এই কলেজটি ১৯৭২ সালে প্রতিষ্ঠার পর থেকে অদ্যাবধি অত্যন্ত মানসম্পন্ন বিশেষজ্ঞ ডাক্তার তৈরি করে আসছেন। বিসিপিএস-এর ডিগ্রীপ্রাপ্ত ডাক্তারের সংখ্যা দিন দিন বেড়েই চলেছে এবং বিসিপিএস-এর কর্মপরিধি বৃদ্ধি পাচ্ছে। কিন্তু বর্তমানে আধুনিক বিশ্বের চিকিৎসা ব্যবস্থার মতো আমাদের চিকিৎসা ব্যবস্থা আরো যুগোপযোগী করে গড়ে তোলার লক্ষ্যে বিসিপিএস-এর কর্মপরিধি বাড়ানো অত্যাবশ্যক হয়ে পড়েছে। বিসিপিএস-এ ডিগ্রীধারী ডাক্তারগণ বিভিন্ন ট্রেনিং ও রিসার্স করে থাকেন। কিন্তু বর্তমানে ডিগ্রীধারী ডাক্তারের তুলনায় বিসিপিএস-এর কার্যক্রম পরিচালনার স্থান সংকুলান ও সক্ষমতার স্বল্পতা দেখা দিয়েছে। এর পরিপ্রেক্ষিতে বিসিপিএস-এ নতুন ভবন নির্মাণ, একটি ১৫০০ আসন বিশিষ্ট অডিটোরিয়াম, নতুন একটি আধুনিক মুদ্রণ ও প্রকাশনা ইউনিট এবং অত্যাধুনিক মেডিকেল মিউজিয়াম স্থাপন করা ও বিদ্যমান স্কিল ল্যাবের সম্প্রসারণ এবং আইটি ল্যাবের আধুনিকায়ন ও সম্প্রসারণ করা অতি জরুরী হয়ে গিয়েছে। তিনি বলেন, তুলনামূলকভাবে প্রকল্পের কাজের খুবই সীমিত অগ্রগতি হয়েছে। বর্তমানে কেবলমাত্র পুরাতন ভবনের নবরূপায়ন ও সংস্কারমূলক কাজ চলমান রয়েছে। এ প্রকল্পের মূল ভবনের পূর্ত কাজ এখনও শুরু করা সম্ভব হয়নি। কারণ প্রকল্পের ডিপিসিটি সংশোধনের জন্য প্রক্রিয়াধীন রয়েছে। অতঃপর তিনি প্রকল্পের কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে একটি স্লাইড প্রজেন্টেশন সভায় উপস্থাপন করার জন্য প্রকল্প পরিচালককে অনুরোধ করেন।

*(Signature)*





## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

“বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ান্স এন্ড সার্জনস্-এর আধুনিকায়ন ও সম্প্রসারণ” শীর্ষক প্রকল্প

প্রকল্প পরিচালকের কার্যালয়

৬৭, শহীদ তাজউদ্দিন আহমেদ সরণী, মহাখালী, ঢাকা-১২১২।



জনাব অধ্যাপক ডাঃ মোল্লা মোঃ আবু সাঈদ বলেন, স্লাইড প্রজেন্টেশন উপস্থাপনের সময় তিনি প্রকল্পের সর্বিক অবস্থা তুলে ধরেন ও প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) সভার সিদ্ধান্তগুলো সকলকে পড়ে শোনান। তিনি বলেন, বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ান্স এন্ড সার্জনস্-এর গুরুত্বপূর্ণ কাজের ক্ষেত্রে গণপূর্ত সিডিউল দর ২০২৩ এবং অন্যান্য আইটেম বা দ্রব্যাদির মূল্য নির্ধারণের ক্ষেত্রে বর্তমান বাজার দরের সাথে সঙ্গতি রেখে উন্নয়ন প্রকল্প প্রস্তাব (ডিপিপি) সংশোধন করার সিদ্ধান্ত গৃহীত হয়। তবে শর্ত থাকে যে, প্রতিটি আইটেমের দর বৃদ্ধি ও কাজের পরিধি বৃদ্ধির ক্ষেত্রে উপযুক্ত ব্যাখ্যা ও যৌক্তিকতা থাকতে হবে। পরিকল্পনা মন্ত্রণালয়ের আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগের প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) সভার সিদ্ধান্ত মোতাবেক গণপূর্ত অধিদপ্তরের প্রকাশিত ২০২৩ সালের রোট সিডিউল এবং অন্যান্য দ্রব্যাদির বাজার দর যাচাই কমিটির সুপারিশকৃত দর অনুযায়ী RDPP প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

জনাব অধ্যাপক ডাঃ মোল্লা মোঃ আবু সাঈদ বিগত প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) সভার সিদ্ধান্তগুলো পড়ে শোনান।

ক্র. নং	সিদ্ধান্ত	গৃহীত ব্যবস্থা
৪.১	প্রকল্পের আর্থিক অগ্রগতি কম হওয়া ও বাস্তব অগ্রগতি শূন্য হওয়ার যৌক্তিক কারণগুলো আরডিপিপি'তে উল্লেখ করতে হবে। প্রকল্পের অবশিষ্ট সময়ে (জুলাই ২০২১ হতে ডিসেম্বর ২০২৬ পর্যন্ত) কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে একটি সময়াবদ্ধ কর্মপরিকল্পনা (গ্যান্ট চার্ট) পুনর্গঠিত আরডিপিপি'তে সংযুক্ত করতে হবে।	প্রকল্পের মূল ডিপিপি ২০১৮ সালের রোট সিডিউল অনুযায়ী করা কিন্তু গণপূর্ত অধিদপ্তর কর্তৃক ২০২৩ সালের রোট সিডিউল প্রকাশিত হয়। মূল ডিপিপি ও বর্তমান বাজার দর সামঞ্জস্য না হওয়ায় আর্থিক ও বাস্তব অগ্রগতি কম হয়েছে। সময়াবদ্ধ কর্মপরিকল্পনা (গ্যান্ট চার্ট) পুনর্গঠিত করা হয়েছে।
৪.২	সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ অনুমোদন ও সংশোধন নির্দেশিকা অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) ও প্রকল্প স্ট্রিয়ারিং কমিটির (পিএসসি) সভাগুলো যথাসময়ে করতে হবে।	সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ অনুমোদন ও সংশোধন নির্দেশিকা মোতাবেক পিএসসি ও পিআইসি সভাগুলো যথাসময়ে করা হবে।
৪.৩	আরডিপিপি'র ৫.১ অনুচ্ছেদ একনেক কর্তৃক মূল অনুমোদিত ব্যয় প্রাক্কলনের সাথে সমন্বয় করে সংশোধন করতে হবে এবং পরিপত্র অনুযায়ী এমটিবিএফ ছকটি যথাযথভাবে পূরণ করতঃ এর কলাম ১০-এর তথ্য আরডিপিপি'র ৬.১ অনুচ্ছেদের সাথে সমন্বয় করতে হবে।	পরিপত্র অনুযায়ী এমটিবিএফ ছকটির যথাযথভাবে পূরণ করে কলাম ১০ এর তথ্য আরডিপিপি'র ৬.১ অনুচ্ছেদের সাথে সমন্বয় করা হয়েছে।
৪.৪	প্রকল্পের ক্রয় পরিকল্পনায় সমজাতীয় আইটেম একই প্যাকেজ রেখে প্যাকেজের সংখ্যা যৌক্তিক পর্যায়ে হ্রাস করতে হবে এবং সে আলোকে প্রচার ও বিজ্ঞাপন খাতের ব্যয় হ্রাস করতে হবে।	প্রকল্পের প্যাকেজ সংখ্যা এবং বিজ্ঞাপন ও প্রচার বাবদ খরচ ১৫.০০ লক্ষ থেকে ১২.০০ লক্ষ টাকা যৌক্তিক পর্যায়ে হ্রাস করা হয়েছে।
৪.৫	জনবল কমিটির সুপারিশ মোতাবেক ক্রয় পরিকল্পনায় সেবা ক্রয়ের ক্ষেত্রে সঠিক জনবলের সংখ্যা উল্লেখপূর্বক এর ব্যয় প্রাক্কলন যৌক্তিক পর্যায়ে পুনর্নির্ধারণ করতে হবে।	জনবল কমিটির সুপারিশ মোতাবেক সঠিক জনবলের সংখ্যা অর্ন্তভুক্ত করা হয়েছে এবং ব্যয় প্রাক্কলন যৌক্তিক পর্যায়ে পুনর্নির্ধারণ করতে হবে।
৪.৬	আপ্যায়ন, সম্মানী, মোটরযান/কম্পিউটার/আসবাবপত্র/অফিস ইকুপমেন্ট অঙ্গসমূহের মেরামত এবং মুদ্রণ ও প্রকাশনা যন্ত্রপাতির প্রাক্কলিত ব্যয় যৌক্তিক পর্যায়ে হ্রাস করতে হবে এবং বই ও সাময়িকী খাতে ১৪৮.১৯ লক্ষ টাকার সংস্থান রাখতে হবে।	এ প্রকল্পের আরডিপিপি-তে বই ও সাময়িকী খাতে ১৪৮.১৮ লক্ষ টাকার সংস্থান রাখা হয়েছে এবং অন্যান্য উল্লিখিত খাতে যৌক্তিক পর্যায়ে হ্রাস করা হয়েছে।

*(Signature)*



২০



## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

“বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্- এর আধুনিকায়ন ও সম্প্রসারণ” শীর্ষক প্রকল্প  
প্রকল্প পরিচালকের কার্যালয়

৬৭, শহীদ তাজউদ্দিন আহমেদ সরণী, মহাখালী, ঢাকা-১২১২।



ক্র. নং	সিদ্ধান্ত	গৃহীত ব্যবস্থা
৪.৭	পুনর্গঠিত আরডিপিপি’তে যানবাহন খাতে ৪ টির পরিবর্তে ১টি জীপ (ক্রয় কৃত) ও ১টি মাইক্রোবাস/কার ক্রয়ের সংস্থান রাখতে হবে।	এ প্রকল্পের ৪ টি যানবাহন (জীপ-১টি, কার-২, মাইক্রোবাস-১) এর পরিবর্তে ২টি যানবাহন [জীপ-১টি (ক্রয়কৃত) ও মাইক্রোবাস-১টি] এর সংস্থান রাখা হয়েছে।
৪.৮	কম্পিউটার সামগ্রী, অফিস সামগ্রী, আসবাবপত্র, মেডিকেল যন্ত্রপাতি ও সরঞ্জামাদিসহ অন্যান্য নন-সিডিউল আইটেমগুলোর ব্যয় প্রাক্কলন পিপিআর ২০০৮ অনুযায়ী বাজার দর কমিটির মাধ্যমে নির্ধারণ করতে হবে। প্রয়োজনে এর সংখ্যা/পরিমাণ হাসপূর্বক ব্যয় অপরিবর্তিত রাখতে হবে।	কম্পিউটার সামগ্রী, অফিস সামগ্রী, আসবাবপত্র, মেডিকেল যন্ত্রপাতি ও সরঞ্জামাদি-এর জন্য পিপিআর ২০০৮ অনুযায়ী বাজার দর যাচাই কমিটি গঠনপূর্বক উক্ত কমিটির সুপারিশের ভিত্তিতে উল্লিখিত মালামালের দর পুনর্নির্ধারণ করা হয়েছে এবং পরিমাণও যৌক্তিক পর্যায়ে হাস করা হয়েছে।
৪.৯	উপরিউক্ত সিদ্ধান্ত ৪.১ থেকে ৪.৮ পর্যন্ত প্রতিপালনপূর্বক পুনর্গঠিত আরডিপিপি পরিপত্রে উল্লিখিত নির্ধারিত সময়ের মধ্যে পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে।	আরডিপিপি পরিপত্রে উল্লিখিত নির্ধারিত সময়ের মধ্যে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে।

জনাব অধ্যাপক ডাঃ মোল্লা মোঃ আবু সাঈদ সভায় প্রকল্পের বাস্তব অগ্রগতি সম্পর্কে সকলকে অবহিত করেন। তিনি বলেন, বিসিপিএস-এর বিদ্যমান কক্ষের মবরুপায়নসহ অন্যান্য অবকাঠামো মেরামত ও সংস্কার কাজের প্রায় ৪৫% সম্পন্ন হয়েছে। গত ৩০/০৫/২০২২ খ্রি. তারিখে প্রকল্পের পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ দেয়া হয়েছে। পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক অডিটোরিয়াম ও মাল্টিপারপাস ভবনের নকশা প্রণয়নের কাজ সম্পন্ন হয়েছে এবং গণপূর্তের দর ২০২৩ মোতাবেক প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রকল্পের জন্য ০১ টি জীপ গাড়ী ক্রয় করা হয়েছে। বর্তমান বাজার দর অনুযায়ী প্রকল্পের অন্যান্য তুচ্ছভিত্তিক কাজের (মেডিকেল যন্ত্রপাতি, মুদ্রণ ও প্রকাশনা যন্ত্রপাতি, আসবাবপত্র, অফিস সরঞ্জাম, কম্পিউটার সামগ্রী, বইপত্র ইত্যাদি) প্রাক্কলিত ব্যয় প্রস্তুত করার কাজ শেষ হয়েছে। বিসিপিএস-এর দুটি ভবনে বিভিন্ন সংস্কারমূলক কাজ চলমান আছে। অতঃপর তিনি সংস্কারকৃত কাজের কিছু স্থিরচিত্র সকলের সামনে উপস্থাপন করেন।

তিনি বলেন, ২০২১-২২ অর্থবছরে এ প্রকল্পের সর্বমোট বরাদ্দ ছিল ১৯০.০০ (এক কোটি নয়শ) লক্ষ টাকা। এর মধ্যে ১০৬.৭৪ (এক কোটি ছয় লক্ষ চুহাত্তর হাজার) টাকা গত অর্থবছরে ব্যয় করতে সক্ষম হয়। যা মোট বরাদ্দের ৫৬.১৮%। ২০২২-২৩ অর্থবছরে আরডিপিপি’তে সর্বমোট বরাদ্দ হয় ৪১৭.০০ (চার কোটি সতেরো) লক্ষ টাকা। যার মধ্যে ১৯৩.৬৭ (এক কোটি তিরানব্বই লক্ষ সাতষষ্ঠি হাজার) টাকা ইতোমধ্যে খরচ করা হয়েছে। যা মোট বরাদ্দের ৪৬.৪৪%।

জনাব মোঃ আব্দুস সালাম খান বলেন, শুরুতে তিনি প্রকল্পের সার্বিক অগ্রগতি ও সংশোধিত ডিপিপি’টি নির্ধারিত সময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করা জন্য সকলকে ধন্যবাদ জানান। তিনি বলেন, পিইসি সভার সিদ্ধান্ত মোতাবেক ডিপিপি সংশোধন করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়ে থাকলে যত দূত সম্ভব এটি পর্যবেক্ষণ করে পরিকল্পনা মন্ত্রণালয়ে প্রেরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। বিসিপিএস প্রকল্পটি যখন অনুমোদন হয় তখন খুব অল্প সময়ের মধ্যে প্রকল্পটি একনেক সভায় অনুমোদিত হয়। কিন্তু অল্প সময়ে অনুমোদন হলেও পরবর্তীতে বিভিন্ন কারণে প্রকল্পের সার্বিক অগ্রগতি আশানুরূপ হয়নি। যার ফলে প্রকল্পটি সংশোধনের প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। সংশোধিত ডিপিপি অনুমোদন হলে আর বিলম্ব না করে যত দূত সম্ভব পূর্ত কাজ শুরু করার মতামত দেন। এ প্রকল্পের আরডিপিপি’তে বরাদ্দ ৪১৭.০০ লক্ষ টাকা। বরাদ্দের বিপরীতে মাত্র ৪৬.৪৪% ব্যয় হয়েছে। বরাদ্দকৃত অর্থের ব্যয়ের পরিমাণ খুবই কম। ব্যয় কম হওয়ার যথেষ্ট কারণ রয়েছে। কিন্তু বরাদ্দকৃত অর্থ ব্যয় না হওয়ার ফলে সর্বোপরি সার্বিক অগ্রগতি কমে যাবে। বরাদ্দকৃত সম্পূর্ণ অর্থ ব্যয় করা সম্ভব হবে কিনা সেই বিষয়ে জানতে চান।

জনাব অধ্যাপক ডাঃ মোল্লা মোঃ আবু সাঈদ বলেন, এ প্রকল্পের আরডিপিপি’তে বরাদ্দ ৪১৭.০০ লক্ষ টাকা। ২০২২-২৩ অর্থ বছরে অর্থছাড় হয়েছে ১৯৬.৫৮ (এক কোটি ছিয়ানব্বই লক্ষ আটান্ন হাজার) টাকা। যা মোট বরাদ্দকৃত অংশের শতকরা ৪৬.৪৪%। কিন্তু ২০২২-২৩ অর্থবছরে হাড়কৃত অর্থের মধ্যে ব্যয়ের হার শতকরা ৯৮.৫১%।

*(Signature)*





## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

“বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্- এর আধুনিকায়ন ও সম্প্রসারণ” শীর্ষক প্রকল্প

প্রকল্প পরিচালকের কার্যালয়

৬৭, শহীদ তাজউদ্দিন আহমেদ সরণী, মহাখালী, ঢাকা-১২১২।



জনাব মোঃ আব্দুস সালাম খান বলেন, আরডিপিপি প্রেরণ করা হয়ে থাকলে আমরা খুব শিগ্রই আরডিপিপি'টি পর্যালোচনা করবো। পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী আরডিপিপি সংশোধন করা হয়েছে কিনা সেটি পর্যালোচনা করা হবে। আর পিআইসি ও পিএসসি সভাগুলো যাতে সময়মতো করা হয় সে বিষয়ে লক্ষ্য রাখতে হবে। সভাগুলো সময়মতো করলে প্রকল্পের সমস্যাগুলো খুব দ্রুত সমাধান করা সম্ভব হয়। সর্বপোরি সকলের সার্বিক সহযোগীতায় আরডিপিপি'টি যাতে খুব দ্রুত একনেক সভায় অনুমোদন হয় সে লক্ষ্যে কাজ করতে হবে।

জনাব অধ্যাপক মোহাম্মদ সহিদুল্লা বলেন, করোনা পরবর্তী সময়ে গুরো বিস্তে যে অর্থনৈতিক বিপর্যয় দেখা দিয়েছে যার ফলে সকল দ্রব্যমূল্যের দর বৃদ্ধি ও অনেক বিপর্যয় দেখা দেয়। যার ফলে প্রকল্পের অগ্রগতি কিছুটা বাধাগ্রস্ত হয়। বর্তমানে সকলের সহযোগীতায় প্রকল্পটি বাস্তবায়নের জন্য এক সাথে কাজ করার আহ্বান করেন।

তত্ত্বাবধায়ক প্রকৌশলী জনাব মোঃ রফিকুল ইসলাম বলেন, “বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্ এর আধুনিকায়ন ও সম্প্রসারণ” শীর্ষক প্রকল্পের কার্যক্রম হাতে পাওয়ার পর দ্রুত সময়ের মধ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়। ২০২২-২৩ অর্থবছরে আরো ৫০.০০ (পঞ্চাশ লক্ষ) টাকা চাহিদা প্রেরণ করা হয়। তাছাড়া প্রকল্প উপদেষ্টা প্রতিষ্ঠান কর্তৃক ৩০.০০ (ত্রিশ লক্ষ) টাকা চাহিদা প্রেরণ করা হয়। এই অর্থ প্রদান করলে সর্বমোট ব্যয় কিছুটা বৃদ্ধি পাবে বলে তিনি মনে করেন।

প্রধান প্রকৌশলী জনাব ব্রিগেডিয়ার জেনারেল বশির আহমেদ বলেন, বর্তমানে বাংলাদেশের অর্থনীতি খুবই খারাপ যাচ্ছে। বিসিপিএস প্রকল্পটি যখন টেন্ডার হয় তখন ২০১৮ সালের রেট শিডিউল অনুযায়ী টেন্ডার করা হয়েছিল। ২০১৮ সালের যে রেট ছিল বর্তমানে তার চেয়ে ৩৫-৪০% দর বৃদ্ধি পেয়েছে। যার ফলে ঠিকাদার ঠিকভাবে কাজ করতে চায় না। কিন্তু যেহেতু ঠিকাদার চুক্তিবদ্ধ আছে সেহেতু তাকে বাদ দিয়ে অন্যজনকে দিয়ে কাজ করানোর সুযোগ নেই। বর্তমান বাজার দর বিবেচনায় ঠিকাদার কাজ করতে আগ্রহী হচ্ছে না। যার ফলে ঠিকাদারকে অনুরোধ করে করে কাজ করানো হচ্ছে। ঠিকাদার ভালো গণ্য ক্রয় করছে না, ফলে কাজের মান খারাপ হচ্ছে। চাইলে ঠিকাদারের কন্ট্রাক্ট বাতিল করে দেওয়া যাবে। কিন্তু কাজ আদায় করে নেওয়াটা খুবই জরুরী। দ্রুত সময়ের মধ্যে কাজ সম্পাদন করার জন্য আমাদের সকলকে একযোগে কাজ করতে হবে। তাই তিনি সকলের সহযোগীতা কামনা করেন যাতে ঠিকাদারকে বুঝিয়ে কাজটি দ্রুত করিয়ে নেওয়া যায়।

জনাব মোঃ আব্দুস সালাম খান বলেন, সংস্কারমূলক কাজে ঠিকাদার ইতিমধ্যে চুক্তিবদ্ধ এবং সংস্কারমূলক কাজ চলমান রয়েছে। এখন ঠিকাদার কাজ ঠিকভাবে করছেন। সেটি বিসিপিএস কর্তৃক বা মন্ত্রণালয় কর্তৃক ঠিকাদারকে বুঝানো সম্ভব। কিন্তু সময় বাড়ার ক্ষেত্রে অর্থ বৃদ্ধি করার কোন সুযোগ নেই। চুক্তিকৃত অর্থের মধ্যেই এটি যেভাবেই হোক শেষ করতে হবে। ইতিমধ্যে অনেক বিলম্ব হয়ে গিয়েছে। তিনি যত দ্রুত সম্ভব ঠিকাদারের সাথে পরামর্শ করে সংস্কারমূলক কাজটি সম্পন্ন করার জন্য প্রধান প্রকৌশলীকে, আশ্রয় প্রকৌশল অধিদপ্তর (এইচইডি) কে অনুরোধ করেন।

জনাব মোঃ আবুল কালাম বলেন, সংশ্লিষ্ট মন্ত্রণালয় যত দ্রুত আরডিপিপি পরিকল্পনা মন্ত্রণালয়ে প্রেরণ করবে, তত দ্রুত আমরা পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে পারবো। আমরা খুব অল্প সময়ের মধ্যে পিইসি সভা করতে সক্ষম হয়েছি। এখন আরডিপিপি'টি দ্রুত সময়ের মধ্যে প্রেরণ করলে বাকি কাজ দ্রুত অগ্রসর হবে বলে তিনি মনে করেন।

আলোচনান্তে অধ্যাপক মোহাম্মদ সহিদুল্লা বলেন, বিসিপিএস প্রকল্পের পুরাতন ভবনের নবরূপায়ন ও সংস্কারমূলক কাজগুলো যত দ্রুত সম্ভব সম্পন্ন করার জন্য অনুরোধ করেন। গত অর্থবছরে এই কাজগুলো শুরু হয়েছে। চলতি অর্থবছরে কাজের যেই রোডম্যাপ ছিল, সেই রোডম্যাপ অনুযায়ী প্রত্যাশিত কার্যক্রম পরিচালনা করা সম্ভব হয়নি। তাছাড়া পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী আরডিপিপি সংশোধন করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। এটি যাতে দ্রুত একনেক কর্তৃক অনুমোদন হয় এ ব্যাপারে সকলের সহযোগীতা কামনা করেন।

*(Signature)*

২২



## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

“বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্- এর আধুনিকায়ন ও সম্প্রসারণ” শীর্ষক প্রকল্প

প্রকল্প পরিচালকের কার্যালয়

৬৭, শহীদ তাজউদ্দিন আহমেদ সরণী, মহাখালী, ঢাকা-১২১২।



সিদ্ধান্ত ২.১: “বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্- এর আধুনিকায়ন ও সম্প্রসারণ” শীর্ষক প্রকল্পের ডিপিপি’টি গণপূর্ত অধিদপ্তরের রেকর্ডে শিডিউল ২০২৩ অনুযায়ী সংশোধনপূর্বক আরডিগিসি প্রাপ্ত করে অতিদ্রুত সময়ের মধ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মাধ্যমে পরিকল্পনা মন্ত্রণালয়ে প্রেরণ করা।

সিদ্ধান্ত ২.২: এ প্রকল্পের অন্যান্য আইটেমসমূহের বাজার দর যাচাই কমিটির মাধ্যমে মোট অর্থের পরিমাণ বৃদ্ধি না করে সংখ্যা বা পরিমাণ হ্রাস করা।

সিদ্ধান্ত ২.৩: এ প্রকল্পের আওতাধীন ভবনসমূহের সংস্কার ও নবনুপায়ন কাজের চুক্তিবদ্ধ তিকাদার প্রতিষ্ঠানকে মোট অনুমোদিত ডিপিপি’তে বরাদ্দকৃত অর্থের পরিমাণ বৃদ্ধি না করে যৌক্তিক পর্যায়ে সময় বৃদ্ধি করা।

### ৩ নং আলোচ্য বিষয়ঃ বিবিধ।

বিবিধে কোন ধরনের বিষয়বস্তু না থাকায় আলোচনা করা হয়নি।

পরিশেষে, প্রকল্প পরিচালক অধ্যাপক ডাঃ মোস্তা মোঃ আবু সাঈদ, প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) এর সভায় অংশগ্রহণ করার জন্য উপস্থিত সদস্যবৃন্দের প্রতি আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

*(Signature)*  
২০/৬/২০২৬  
অধ্যাপক ডাঃ মোস্তা মোঃ আবু সাঈদ  
প্রকল্প পরিচালক  
মোবাইল নং: ০১৭১৩-০১০১৮৯



৯৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
পরিকল্পনা-১  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.mefwd.gov.bd](http://www.mefwd.gov.bd)

নং- ৫৯.০০.০০০০.১৫২.১৪.০১২.২০২২.১৯৬

তারিখঃ ৬ জুন, ২০২৩ খ্রিঃ

নোটিস

“রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয় স্থাপন” শীর্ষক প্রকল্পের ১ম প্রকল্প স্টিয়ারিং কমিটির সভা **আগামী ১৩ জুন ২০২৩ তারিখ বেলা ১২:০০ টায়** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সভাকক্ষে (কক্ষ নং-৩৩২, ভবন নং-০৩, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) অনুষ্ঠিত হবে।

- ২। সভায় সভাপতিত্ব করবেন স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সচিব জনাব মো: আজিজুর রহমান।
- ৩। সভার আলোচ্যসূচি:  
(ক) প্রকল্পের অগ্রগতি বাস্তবায়ন পর্যালোচনা;  
(খ) জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী হতে “রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয় স্থাপন” শীর্ষক প্রকল্পের জন্য ৬৭.৬৭৯২ একর জমি বাবদ জমি অধিগ্রহণ খাতে বরাদ্দ বহিভূত ১৭২,১৭.৪৬.৫৮৬.২৩ (একশত বাহাত্তর কোটি সত্তের লক্ষ ছেচল্লিশ হাজার পাঁচশত ছিয়াশি দশমিক তেইশ) লক্ষ টাকা বরাদ্দ প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ;  
(গ) বিবিধ
- ৪। সংশ্লিষ্ট সকল-কে যথাসময়ে সভায় উপস্থিত হওয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

*Handwritten signature and date: 06/06/2023*  
(নাদিরা হায়দার)  
উপসচিব  
ফোনঃ ৫৫১০১২৩৩

ই-মেইলঃ [haidernadira.fns@gmail.com](mailto:haidernadira.fns@gmail.com)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃ আঃ- উপসচিব, বাজেট-৪) (কমিটিতে সংশ্লিষ্ট একজন কর্মকর্তা মনোনয়ন প্রদানের অনুরোধসহ)।
২. বিভাগ প্রধান, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলানগর, ঢাকা (কমিটিতে সংশ্লিষ্ট একজন কর্মকর্তা মনোনয়নের অনুরোধসহ)।
৩. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (কমিটিতে সংশ্লিষ্ট একজন কর্মকর্তা মনোনয়ন প্রদানের অনুরোধসহ)।
৪. সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলানগর, ঢাকা (দৃঃ আঃ- মহাপরিচালক, স্বাস্থ্য ও গৃহায়ণ সেক্টর) (কমিটিতে সংশ্লিষ্ট একজন কর্মকর্তা মনোনয়নের অনুরোধসহ)।
৫. সচিব, পরিকল্পনা বিভাগ, শের-ই-বাংলানগর, ঢাকা (দৃঃ আঃ- যুগ্ম-প্রধান, NEC-ECNEC উইং) (কমিটিতে সংশ্লিষ্ট একজন কর্মকর্তা মনোনয়ন প্রদানের অনুরোধসহ)।
৬. বিভাগ প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলানগর, ঢাকা (কমিটিতে সংশ্লিষ্ট একজন কর্মকর্তা মনোনয়নের অনুরোধসহ)।
৭. চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন, শের-ই-বাংলানগর, ঢাকা-১২০৭ (কমিটিতে সংশ্লিষ্ট একজন কর্মকর্তা মনোনয়ন প্রদানের অনুরোধসহ)।
৮. উপাচার্য ও প্রকল্প পরিচালক, “রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয় স্থাপন” শীর্ষক প্রকল্প, রাজশাহী মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, রাজশাহী।
৯. প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ১০৫/১০৬, মতিঝিল বা/এ, ঢাকা (কমিটিতে সংশ্লিষ্ট একজন কর্মকর্তা মনোনয়নের অনুরোধসহ)।
১০. যুগ্মসচিব (উন্নয়ন অনুবিভাগ), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. যুগ্মসচিব (পরিকল্পনা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. উপ-প্রকল্প পরিচালক, “রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয় স্থাপন” শীর্ষক প্রকল্প।

২৪

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে):

১. উপসচিব (নিরাপত্তা-২), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভায় আগত কর্মকর্তাদের যানবাহনযোগে সচিবালয়ে প্রবেশের অনুমতি প্রদানের অনুরোধসহ)।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়কে সভার তারিখ ও সময় অবহিত করার অনুরোধসহ)।
৩. উপসচিব (প্রশাসন-২), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মোট ২৫ (পঁচিশ) জনের মধ্যাহ্নভোজের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৪. প্রোগ্রামার, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভা চলাকালীন সময়ে কারিগরী সহায়তা প্রদানের অনুরোধ সহ)।
৫. ভারপ্রাপ্ত কর্মকর্তা, সভাকক্ষ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ/স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



৯৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
পরিকল্পনা-১  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.mefwd.gov.bd](http://www.mefwd.gov.bd)

বিষয়ঃ “রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয় স্থাপন” শীর্ষক প্রকল্পের প্রকল্প স্টিয়ারিং কমিটি’র (পিএসসি) সভার কার্যবিবরণী।

সভার তারিখ ও সময় : ১৩ জুন, ২০২৩, দুপুর ১২:০০ টা।  
সভার স্থান : মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ,  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।  
সভাপতি : জনাব মোঃ আজিজুর রহমান  
সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।

(সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট- 'ক' তে সংযুক্ত)

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি সভার উদ্দেশ্যের প্রতি আলোকপাতকরতঃ সভাপতি উপসচিব (পরিকল্পনা-১)-কে সভার আলোচ্যসূচি অনুযায়ী বিষয়বস্তু উপস্থাপনের অনুরোধ জানান। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (পরিকল্পনা-১) সভাকে এ মর্মে অবহিত করেন যে, “রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয় স্থাপন” শীর্ষক প্রকল্পটি গত ১৪-০৬-২০২২ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় মোট ১৮৬৭০৮.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০২২ হতে জুন, ২০২৬ মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত অনুমোদিত হয়। এ বিভাগ হতে গত ৩০-০৬-২০২২ তারিখে বর্ণিত প্রকল্পের প্রশাসনিক আদেশ জারি করা হয়। ২০২২-২৩ অর্থ বছরে “রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয় স্থাপন” শীর্ষক প্রকল্পের আরএডিপি বরাদ্দ ৫৯১৭১.০০ লক্ষ টাকা। জুন ২০২৩ পর্যন্ত ব্যয়িত অর্থের পরিমাণ ৫৮৬৬৩.০০ লক্ষ টাকা যা, ব্যয়ের শতকরা হার ৯৯.১৫%। সভাপতি প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করে প্রকল্প পরিচালককে ধন্যবাদ জ্ঞাপন করেন।

২.০ আলোচনা: জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী হতে বর্ণিত প্রকল্পের জন্য ৬৭.৬৭৯২ একর জমি অধিগ্রহণ খাতে ডিপিপি বরাদ্দ বর্হিভূত ১৭২,১৭,৪৬,৫৮৬.২৩ (একশত বাহাত্তর কোটি সতের লক্ষ ছেচল্লিশ হাজার পাঁচশত ছিয়াশি দশমিক তেইশ) টাকা বরাদ্দ প্রদান:

